



শিক্ষার্থীদের মানসিক ও আত্মবিশ্বাস বৃদ্ধিতে স্কাউটিং

• মুহাম্মদ নজরুল ইসলাম •

শিশু-কিশোর ও যুব সম্প্রদায়ের শারীরিক, মানসিক বিকাশ ও আধ্যাতিক শিক্ষা নিয়ে আন্তর্জাতিক আন্তর্জাতিক পর্যায়ে সু-নাগরিক হিসেবে গড়ে তুলতে স্কাউটিংয়ের ভূমিকা অপরিসর্য। স্বীকার্যে সং-কর্ম, উদ্যমী ও আত্মবিশ্বাসী মানুষ হতে হয় সেই শিক্ষাই মূলত স্কাউটিং। সরকারি স্কাউটিংকে অনার্স পেয়েদের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করেছে। একই সাথে স্কাউটিংকে এশিয়ায় নিতে এবং এর দীর্ঘায় শিক্ষার্থীদের আশোকিত করতে ব্যাপক ভিত্তিক কর্মসূচি হাতে নিয়েছে প্রযুক্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠান ক্যামব্রিয়ান স্কুল অ্যান্ড কলেজ। ২০১২ সাল থেকে তারা সকল শিক্ষার্থীদেরকে স্কাউটিংয়ের আওতায় নিয়ে আসার লক্ষ্যে শুরু করে তাদের কার্যক্রম। এই শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি ক্যাম্পাসে সপ্তাহে একদিন নির্দিষ্ট সময়ে প্যাক মিটিং, টুপ মিটিং ও ক্রু মিটিংয়ের মাধ্যমে নিয়মিত আন্তিক এবং ব্যবহারিক ক্লাস পরিচালিত হচ্ছে। ক্যামব্রিয়ান স্কুল অ্যান্ড কলেজ স্কাউট গ্রুপ ২০১২ সালের ২০ নভেম্বর অংশগ্রহণ করে তাদের এপিআর স্কাউট কর্মকারীদের স্কিডার ট্রেইনিং কোর্সের শোশ্যাল ইভেন্টে, ২৪ নভেম্বর উদ্বোধনী অনুষ্ঠানে এবং ২৭ নভেম্বর বি-এটাস-এ। এ ছাড়া ২০১২ সালের ২৩-২৮

ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয় আঞ্চলিক স্কাউট সমাবেশ। এই সমাবেশে ক্যামব্রিয়ানের তিনটি দল অংশগ্রহণ করে। এ বছর ২২ ফেব্রুয়ারি বিএসবি স্কাউটদের আয়োজনে গাজীপুরের বাহাদুরপুর রোডের স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপী অনুষ্ঠিত হয় ক্যামব্রিয়ান স্কাউট গ্রুপের এই 'ডে ক্যাম্প'। উক্ত ডে ক্যাম্পে বিএসবি স্কাউটদের পরিচালিত সকল প্রতিষ্ঠানের কার স্কাউট, স্কাউট, রোডার স্কাউট, ইউনিট লিডার, কর্মকর্তা-কর্মচারী এবং বাংলাদেশ স্কাউটদের কর্মকর্তা, স্কাউট ও রোডার সেম্বাসেবকগণ অংশগ্রহণ করেন। স্কাউট ডে ক্যাম্পের উদ্বোধনের পর বিএসবি স্কাউটদের অধীনে রোডার প্রশিক্ষণ কেন্দ্রে একটি স্থায়ী-মজুর (ক্যামব্রিয়ান মজ) উদ্বোধন করেন প্রধান অতিথি লায়ন এমকে বাশার। এই মজ আগামী দিনে প্রশিক্ষণরত স্কাউটরা তাদের বিভিন্ন অনুষ্ঠান অত্যন্ত সাবধীন ও দৃষ্টিনিশ্চয়ভাবে পরিচালনা করতে পারবেন। স্কাউটের জনক লর্ড ব্যাডেন পাওয়ারেলের জন্মদিন উদযাপন উপলক্ষে এশিয়ান মধ্যে স্কাউট গ্রুপের সর্ববৃহৎ কেক কাটা হয় এই অনুষ্ঠানে। এই অনুষ্ঠানে ৬ হাজার কার, স্কাউট ও রোডার স্কাউটসহ তাদের অভিভাবক এবং শিক্ষক কর্মকর্তা-কর্মচারী ও সমাজের গৌরব স্থানীয় ব্যক্তিবর্গসহ প্রায় ১২ হাজার লোক উপস্থিত ছিলেন।

